Jahid Sinha · জাহিদ সিনহা

ফ্রিতে Claude Code চালান Mac

৬টা ধাপ · ১৫ মিনিট · খরচ ৳০ · Windows ও Mac

ওয়েবসাইটে করলে আরও অনেক সহজ

এই PDF-এর সব ধাপ ওয়েবসাইটে আছে, সাথে:

- সব কোড আর লিংকের পাশে **কপি বাটন**, টাইপ করতে হবে না
- ধাপ ৫-এ শুধু **API key পেস্ট করলেই পুরো settings.json তৈরি** হয়ে যায়, আগের সেটিংসসহ
- ফোনে এক ধাপ করে দেখায়

`jahidsinha.com/free-claude-code/?os=mac`

Windows ব্যবহার করেন? Windows-এর গাইড: jahidsinha.com/free-claude-code/?os=win

বুঝতে কষ্ট হচ্ছে? আপনার ফোনের ChatGPT বা Gemini-এর সাথে কথা বলে বলে করুন। শেষ পাতার লেখাটা কপি করে সেখানে পেস্ট করুন, সে বাংলায় এক ধাপ করে করাবে।

নতুন ভিডিও মিস না করতে ফলো করুন

YouTube
youtube.com/@Jahid_Sinha

Facebook
facebook.com/jahid.sinha

Instagram
instagram.com/jahid.sinha

১ VS Code ইনস্টল করুন

আগে থেকে থাকলে ধাপ ২-এ যান

1. লিংক খুলে Mac-এর **Download** চাপুন

   ```
   https://code.visualstudio.com/download
   ```

2. নামানো ফাইলে ডাবল-ক্লিক → Visual Studio Code-কে টেনে **Applications** ফোল্ডারে ছেড়ে দিন

3. প্রথমবার খুললে "downloaded from the Internet" বললে **Open** চাপুন

২ ফোল্ডার খুলে Trust দিন

1. VS Code খুলে **File** → **Open Folder…** → নতুন একটা ফোল্ডার বেছে **Open**
2. প্রশ্ন এলে **Yes, I trust the authors**। যতবার আসবে, ততবার।



ভুলে No দিলে: উপরের লাইনে **Manage** → **Trust**


৩ Claude Code এক্সটেনশন বসান


1 ⌘ Cmd Shift X চেপে সার্চ করুন, Anthropic-এরটা **Install**

```
Claude Code
```

2 ⌘ Cmd , চেপে সার্চ করুন, **Disable Login Prompt**-এ টিক

```
Claude Code login
```







8 ফ্রি API key নিন

1 OpenRouter-এ Google দিয়ে **Sign in**

```
https://openrouter.ai
```

2 **Keys** → **New key** → **Create** → key কপি করুন





key কাউকে দেবেন না, স্ক্রিনশটেও না।

৫ settings.json-এ key বসান

1. Terminal খুলুন: ⌘ Cmd Space চেপে Terminal লিখে Enter
2. এই লাইনটা পেস্ট করে Enter। ফাইল না থাকলে নিজেই বানিয়ে VS Code-এ খুলে দেবে।

```
mkdir -p ~/.claude && touch ~/.claude/settings.json && open -a "Visual Studio Code" ~/.claude/settings.json
```

TextEdit দিয়ে খুলবেন না: ওটা কোটেশন চিহ্ন বদলে দেয়, তখন কোড কাজ করে না।

ক) ফাইল খালি (বা নতুন বানালেন)

নিচের পুরো কোডটা পেস্ট করুন। লাল দাগের লাইনে **দুই কোটেশনের ভেতরের sk-or-v1-YOUR-KEY পুরোটা মুছে** ধাপ ৪-এর API key বসান। তারপর ⌘ Cmd S।

```
{
  "env": {
    "ANTHROPIC_BASE_URL": "https://openrouter.ai/api",
    "ANTHROPIC_AUTH_TOKEN": "sk-or-v1-YOUR-KEY",
    "ANTHROPIC_API_KEY": "",
    "ANTHROPIC_DEFAULT_OPUS_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
    "ANTHROPIC_DEFAULT_SONNET_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
    "ANTHROPIC_DEFAULT_HAIKU_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
    "CLAUDE_CODE_SUBAGENT_MODEL": "thinkingmachines/inkling-2-small:free"
  }
}
```

ANTHROPIC_API_KEY লাইনে কিছু লিখবেন না, ফাঁকা "" থাকবে।

খ) ফাইলে আগে থেকে লেখা আছে


হাতে মেলাতে গেলে { } আর কমা ভুল হয়। তাই:

- **ওয়েবসাইটে:** ধাপ ৫-এ ফাইলের সব লেখা আর আপনার key পেস্ট করুন। পুরো নতুন লেখা তৈরি হবে, শুধু কপি করে ফাইলে বসাবেন।
  `jahidsinha.com/free-claude-code/?os=mac#s5`
- **অথবা ChatGPT / Gemini:** শেষ পাতার প্রম্পট দিন। key চ্যাটে দেবেন না।

৬ চালু করে দেখুন

1. VS Code পুরোপুরি বন্ধ করুন: ⌘ Cmd Q (শুধু জানালা বন্ধ করলে হবে না), তারপর আবার খুলুন
2. Claude আইকনে চাপুন, লিখুন, Enter। উত্তর এলেই কাজ শেষ।

```
hello
```



? সমস্যা হলে

হঠাৎ কাজ করছে না?

ফ্রি মডেল ১-২ সপ্তাহ পর পর বদলায়। ধাপ ৫ আবার করুন, এই পেজে সবসময় নতুন মডেল থাকে।

এখনো লগইন চাইছে?

ধাপ ৩-এর টিকটা দেখুন। চ্যাটে /logout লিখে VS Code আবার খুলুন।

"invalid API key" দেখাচ্ছে?

ধাপ ৫ আবার করুন। না হলে OpenRouter-এ নতুন key বানান।

খরচ দেখাচ্ছে, টাকা কাটবে?

না। :free মডেলে খরচ $0, ওটা শুধু অনুমান।

এখনকার ফ্রি মডেল (2026-11-12): `thinkingmachines/inkling-2-small:free`। মডেল বদলালে ওয়েবসাইটে সবসময় নতুনটা থাকে।

AI বুঝতে কষ্ট হচ্ছে? ChatGPT / Gemini-এর সাথে কথা বলে করুন

নিচের পুরো লেখাটা কপি করে chatgpt.com বা gemini.google.com-এ পেস্ট করে পাঠান। ওয়েবসাইট থেকে এক ক্লিকে কপি করা যায়: `jahidsinha.com/free-claude-code/?os=mac#ai`

Warning: Undefined variable $savel in **D:\harness\website\app\lib\guide.php** on line **135**

তুমি আমার ধৈর্যশীল শিক্ষক। আমি কোডিং জানি না। আমার Mac (MacBook)-এ VS Code-এ Claude Code ফ্রিতে চালাতে আমাকে সাহায্য করো, OpenRouter-এর ফ্রি মডেল দিয়ে।

নিয়ম:
- খুব সহজ বাংলায় বলবে, টেকনিক্যাল শব্দ কম।
- একবারে শুধু একটা ধাপ দেবে। আমি "হয়েছে" বললে তবেই পরের ধাপ।
- আমি আটকে গেলে স্ক্রিনশট চাইবে, তারপর ঠিক কোথায় ক্লিক করতে হবে বলবে।
- আমার API key কখনো চ্যাটে চাইবে না। key কোথায় বসাতে হবে শুধু সেটা দেখাবে, আমি নিজে বসাব।
- আমার settings.json ফাইলের লেখা দেখতে চাইলে আগে বলবে, ভেতরে কোনো key থাকলে সেটা মুছে পাঠাতে।

ধাপগুলো (এই ক্রমেই করাবে):
১. VS Code ইনস্টল: https://code.visualstudio.com/download থেকে Mac-এর Download → ফাইলে ডাবল-ক্লিক → Visual Studio Code-কে Applications ফোল্ডারে টেনে রাখা → প্রথমবার খুললে "Open"। আগে থেকে থাকলে বাদ।
২. VS Code-এ File → Open Folder... → একটা নতুন ফোল্ডার → Open → "Yes, I trust the authors"। এই প্রশ্ন যতবার আসে, ততবার Yes।
৩. VS Code-এ Cmd+Shift+X → "Claude Code" সার্চ → Anthropic-এর এক্সটেনশন Install। তারপর Cmd+, → "Claude Code login" সার্চ → "Disable Login Prompt"-এ টিক।
৪. https://openrouter.ai → Google দিয়ে Sign in → Keys → New key → Create → key কপি করে কোথাও রেখে দিতে বলবে।
৫. Terminal খুলবে (Cmd+Space → Terminal), তারপর এই লাইনটা দেবে, এটা ফাইল না থাকলে বানিয়ে VS Code-এ খুলে দেয়:
  mkdir -p ~/.claude && touch ~/.claude/settings.json && open -a "Visual Studio Code" ~/.claude/settings.json
  - TextEdit ব্যবহার করতে দেবে না (ওটা কোটেশন চিহ্ন বদলে দেয়)।
  - ফাইল খালি হলে নিচের পুরো কোডটা বসাবে। আগে থেকে অন্য সেটিংস থাকলে সেগুলো রেখে শুধু "env" অংশ যোগ করে পুরো ঠিক JSON বানিয়ে দেবে, যাতে আমি Cmd+A দিয়ে সব বদলে পেস্ট করতে পারি।
  - "sk-or-v1-YOUR-KEY" লেখার জায়গায় (দুই কোটেশনের ভেতরে) আমি নিজের key বসাব। ANTHROPIC_API_KEY ফাঁকা "" থাকবে। শেষে

```
{
 "env": {
  "ANTHROPIC_BASE_URL": "https://openrouter.ai/api",
  "ANTHROPIC_AUTH_TOKEN": "sk-or-v1-YOUR-KEY",
  "ANTHROPIC_API_KEY": "",
  "ANTHROPIC_DEFAULT_OPUS_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
  "ANTHROPIC_DEFAULT_SONNET_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
  "ANTHROPIC_DEFAULT_HAIKU_MODEL": "thinkingmachines/inkling-2-small:free",
```

```
    "CLAUDE_CODE_SUBAGENT_MODEL": "thinkingmachines/inkling-2-small:free"
  }
}
```

৬. VS Code পুরো বন্ধ করবে (Cmd+Q), আবার খুলে কমলা Claude আইকনে ক্লিক → "hello" লিখে Enter। উত্তর এলেই কাজ শেষ।

সমস্যা হলে:
- লগইন চাইলে: ধাপ ৩-এর টিক দেখবে, চ্যাটে /logout লিখে VS Code আবার খুলবে।
- মডেল কাজ না করলে: ফ্রি মডেল ১-২ সপ্তাহ পর পর বদলায়। https://openrouter.ai/models থেকে নামের শেষে ":free" আছে এমন মডেল নিয়ে চারটা মডেল লাইনে বসাবে। সহজ উপায়: https://jahidsinha.com/free-claude-code/?os=mac

এখন ধাপ ১ দিয়ে শুরু করো। প্রথমে জিজ্ঞেস করো আমার Mac-এ VS Code আছে কিনা।

Jahid Sinha

YouTube
youtube.com/@Jahid_Sinha

Facebook
facebook.com/jahid.sinha

Instagram
instagram.com/jahid.sinha

ওয়েবসাইট: jahidsinha.com